




সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সজাগ থাকার আহ্বান প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস শুভ জন্মাষ্টমী উপলক্ষে দেশের সনাতন ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানিয়ে বলেছেন, সমাজের শৃঙ্খলা, ভ্রাতৃত্ববোধ ও সাম্প্রদায়িক সম্প্রীতি যেন কেউ নষ্ট করতে না পারে, সেজন্য সকলকে সতর্ক থাকতে হবে। তিনি শ্রীকৃষ্ণের ন্যায়, মানবপ্রেম ও শান্তির বাণী অনুসরণের আহ্বান জানিয়ে বৈষম্যমুক্ত ও সম্প্রীতিময় বাংলাদেশ গঠনে সম্মিলিত প্রচেষ্টার উপর জোর দেন।

শুভ জন্মাষ্টমী উপলক্ষে শুক্রবার (১৫ আগস্ট) এক বাণীতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস দেশের সনাতন ধর্মাবলম্বীদের প্রতি শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, ছাত্র-শ্রমিক-জনতার ঐতিহাসিক গণঅভ্যুত্থানের মাধ্যমে গঠিত অন্তর্বর্তী সরকার সমাজের ভ্রাতৃত্ববোধ ও সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধন অটুট রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

ড. ইউনূস বলেন, ধর্মান্বিতার শ্রীকৃষ্ণের জন্মতিথি ‘শুভ জন্মাষ্টমী’ হিন্দু সম্প্রদায়ের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। শ্রীকৃষ্ণ আজীবন সমাজে সাম্য, ন্যায়, মানবপ্রেম ও শান্তির বাণী প্রচার করেছেন এবং অন্যায়-অবিচারের বিরুদ্ধে দাঁড়িয়ে শুভশক্তির বিজয় নিশ্চিত করেছেন।

তিনি উল্লেখ করেন, সাম্প্রদায়িক সম্প্রীতি বাংলাদেশের সংস্কৃতির এক অনন্য বৈশিষ্ট্য, যা আবহমানকাল ধরে এই দেশের মানুষ রক্ষা করে আসছে। শ্রীকৃষ্ণের আদর্শ ও শিক্ষা পারস্পরিক সৌহার্দ্য ও ভ্রাতৃত্বকে আরও সুদৃঢ় করবে।

প্রধান উপদেষ্টা সবাইকে ঐক্যবদ্ধ হয়ে বৈষম্যমুক্ত, শান্তিপূর্ণ ও সম্প্রীতিময় বাংলাদেশ গড়তে কাজ করার আহ্বান জানান।